2018

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

প্রজ্ঞাপন

তারিখ: ০৮ কার্তিক ১৪২৫ বঙ্গাব্দ/২৩ অক্টোবর ২০১৮ খ্রিস্টাব্দ

এস,আর,ও নং-৩১৪-আইন/আয়কর/২০১৮।—Income-tax Ordinance, 1984 (Ordinance No. XXXVI of 1984), অতঃপর উক্ত Ordinance বলিয়া উল্লিখিত, এর section 44 এর sub-section (4) এর clause (b) তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার ২০ ফাল্গুন ১৪২৪ বঙ্গাব্দ মোতাবেক ০৪ মার্চ ২০১৮ খ্রিস্টাব্দ তারিখের প্রজ্ঞাপন এস,আর,ও নং ৭৭-আইন/আয়কর/২০১৮ এর নিম্নরূপ সংশোধন করিল, যথা:—

উপরি-উক্ত প্রজ্ঞাপন এর—

(১) দফা (ক) এ উল্লিখিত "উৎপাদন আরম্ভ হইবার তারিখ হইতে পরবর্তী ৫ (পাঁচ) বৎসরের জন্য" শব্দগুলি, সংখ্যা ও বন্ধনী এর পরিবর্তে "প্রাসঙ্গিক তারিখ (Relavant Date) ৫ মার্চ ২০১৮ খ্রিস্টাব্দ হইতে শুরু করিয়া Commercial Start Date পরবর্তী ১৫ (পনের) বৎসরের জন্য" শব্দগুলি, সংখ্যাগুলি ও বন্ধনীগুলি প্রতিস্থাপিত হইবে;

(২) দফা (খ) এর প্রান্তঃস্থিত "এবং" শব্দটি বিলুপ্ত হইবে; এবং

(৩) দফা (গ) এর পর নিম্নরূপ নূতন দফা (ঘ), (ঙ) ও (চ) সন্নিবেশিত হইবে, যথা:—

"(ঘ) প্রকল্পের প্রাসঙ্গিক তারিখ ৫ মার্চ ২০১৮ খ্রিস্টাব্দ হইতে শুরু করিয়া টার্মিনাল কোম্পানির Commercial Start Date পরবর্তী ১৫ (পনের) বৎসরের মধ্যে প্রদেয় Royalties, Technical Know-how Fees and Technical Assistance Fees এর উপর,

(ঙ) প্রকল্পের প্রাসঙ্গিক তারিখ ৫ মার্চ ২০১৮ খ্রিস্টাব্দ হইতে শুরু করিয়া টার্মিনাল কোম্পানির Commercial Start Date পরবর্তী ১৫ (পনের) বৎসরের মধ্যে উক্ত টার্মিনাল কোম্পানি কর্তৃক প্রদেয় বৈদেশিক ঋণের সুদের উপর, এবং

(চ) প্রকল্পের প্রাসঙ্গিক তারিখ ৫ মার্চ ২০১৮ খ্রিস্টাব্দ হইতে শুরু করিয়া টার্মিনাল কোম্পানির Commercial Start Date পরবর্তী ১৫ (পনের) বৎসরের মধ্যে উক্ত টার্মিনাল কোম্পানির শেয়ার হস্তান্তরের ফলে উদ্ভূত মূলধনী মুনাফার উপর"।

রাষ্ট্রপতির আদেশক্রমে
মোঃ মোশাররফ হোসেন ভূঁইয়া, এনডিসি
সিনিয়র সচিব।

সংশোধনী এস,আর,ও-টি ৫৭৭ নং পৃষ্ঠায় দেখুন।

Md Sajid Hossain Shimanto · smartaccountantbd.com

S.R.O. No. 314/2018 · unofficial copy for study · Md Sajid Hossain Shimanto · smartaccountantbd.com
Scanned with CamScanner
1 / 1